

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৯

তারিখ: ২ মাঘ ১৪২৮

১৬ জানুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে এম. আর.কে কলেজ, পবা, রাজশাহী-এর শিক্ষক কর্মচারীদের এমপিওভুক্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এম. আর.কে কলেজ, পবা, রাজশাহী, কলেজ কোড-১২২৯, ইআইআইএন-১২৬৯২৮ কলেজ সরকারি বেতন অংশ হিসেবে ০৯.০৬.২০০৪ তারিখে এমপিওভুক্তির সরকারি আদেশ প্রাপ্ত হয়। যার স্মারক নং-শা:৪/১জি-২০০৪/২৯৩। রাজশাহী আঞ্চলিক অফিসের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রয়োজনী সকল কাগজপত্র জমা প্রদান করা হয়। কিন্তু তৎকালীন এমপি মহোদয়ের অনুরোধে প্রতিষ্ঠানের এমপিও সাময়িক স্থগিত করা হয়। পরবর্তী তৎকালীন এমপি জনাব মো. মিজানুর রহমান মিনু সাহেবের ডিও লেটারের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ০৮.০৭.২০০৪ তারিখে এমপিও স্থগিততাদেশ প্রত্যাহার করে এমপিও ছাড় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র ইস্যু করা হয়। যার পত্র নং-১৪.১০.১৬.০০.০০.০১.২০০৪-৫৬৪। বর্তমান এমপি মহোদয় প্রধানমন্ত্রী বরাবর ডিও লেটার প্রদান করলেও তাতেও প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এমপিও ছাড় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের করা বলা হয়। যার পত্র নং-০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৯.২০১৭.১১৮ তারিখ-২০.০২.২০১৭। তথাপিও এমপিও ছাড় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

কলেজের শিক্ষক-কর্মচারীগণ দীর্ঘদিন ধরে মানবতের জীবন যাপন করে আসছিলেন। পরবর্তী কলেজের ৪০ (চল্লিশ) জন শিক্ষক-কর্মচারীগণ মহামান্য আদালতের রিট দায়ের করেন। রিট পিটিশন নং-১২০১/২০২১। মহামান্য বিচারপতি তথ্য প্রমাণাদির উপর ভিত্তি করে ৪০ (চল্লিশ) জন শিক্ষক-কর্মচারীর বেতনের সরকারি অংশ তথা এমপিও প্রদানের জন্য ২৫ নভেম্বর ২০২১ তারিখে রায় প্রদান করেন। রায় নিম্নরূপ:

“Accordingly, the respondents are directed to implement their Memo dated 09.06.2004 as evident in Annexure-G to the instant writ petition strictly in accordance with the relevant law and rules within 2 (two) months from the date of receipt of the instant order without fail. With this observation and direction, the instant rule is dispose of. Communicate the order at once.

এমতাবস্থায়, মহামান্য আদালতের রায় অনুযায়ী এম. আর.কে কলেজ, পবা, রাজশাহী, কলেজের ৪০ (চল্লিশ) জন শিক্ষক-কর্মচারীর এমপিও ছাড়করণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরিকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক-কর্মচারীগণের এমপিও প্রদান সংক্রান্ত গঠিত চূড়ান্ত কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.৯/১

তারিখ: ২ মাঘ ১৪২৮  
১৬ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) অধ্যক্ষ, .....
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-১-২০২২

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব